

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

নং- প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ২৫৯০/০৪-০৫/(২০১৮-২০১৯)/

তারিখঃ ০৪.০৭.২০১৮ ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ নাজিম উদ্দিন, সাবেক সহকারী কোষাধ্যক্ষ (সাময়িকভাবে বরখাস্তকৃত), বিকেবি, টিআই শাখা (বর্তমানে স্টাফ কলেজ শাখা), ঢাকা উত্তর শাখায় সহকারী কোষাধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বিকেবি, কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৮ এর অধীনে শৃংখলা সম্পর্কিত ৩৭ (ক), (খ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও আত্মসাতমূলক অপরাধের দায়ে ০২/২০০৪-২০০৫ নম্বর বিভাগীয় শৃংখলাজনিত মামলা রুজু করিয়া ০৪.০৮.২০০৪ ইং তারিখের প্রকাঃকব্যবিঃ৩ঃ০১ঃ২৫৯০/২০০৪-২০০৫/ ২৮৭ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিভাগীয় মামলা প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষংগিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব মোঃ নাজিম উদ্দিন আপনাকে আপনার বিরুদ্ধে প্রমানিত অভিযোগের জন্য বিকেবি, কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৮ এর ৩৮(১) (আ) প্রবিধি অনুসারে চাকুরী হইতে বরখাস্ত অথবা বিকল্প গুরু দন্ড কেন আপনাকে প্রদান করা হইবে না- এই মর্মে ২৫.০৪.২০০৫ ইং তারিখের প্রকাঃকব্যবিঃ৩ঃ০১ঃ২৫৯০/২০০৪-২০০৫/২৩১৭ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারন দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল;

০৪। যেহেতু আপনি জনাব মোঃ নাজিম উদ্দিন প্রাথমিকভাবে প্রস্তাবিত শাস্তি আরোপের জন্য আপনাকে প্রদত্ত অত্র বিভাগের ২৫.০৪.২০০৫ ইং তারিখের চূড়ান্ত কারন দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ নাজিম উদ্দিন আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও আত্মসাতমূলক অপরাধের দায়ে আপনাকে দোষী সাব্যস্ত করতঃ গুরু দন্ড তথা চাকুরী হইতে বরখাস্ত করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। সেহেতু কর্তৃপক্ষ বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯ (১) (খ)(উ) প্রবিধি অনুসারে আপনি জনাব মোঃ নাজিম উদ্দিন আপনাকে ব্যাংকের চাকুরী হইতে বরখাস্তের আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব মোঃ নাজিম উদ্দিন (এন-১৪০৩)  
সহকারী কোষাধ্যক্ষ (বরখাস্তকৃত)  
বাংলাদেশ কৃষি ব্যাংক  
স্টাফ কলেজ শাখা  
ঢাকা।

স্থায়ী ঠিকানাঃ  
নাম : জনাব মোঃ নাজিম উদ্দিন  
৫৩৯, দক্ষিণ দনিয়া  
পোঃ দনিয়া কলেজ  
যাত্রাবাড়ি, ঢাকা।

স্বাক্ষরিত


(মোঃ মোশাররফ হোসেন)  
উপ-মহাব্যবস্থাপক

নং- প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ২৫৯০/০৪-০৫/(২০১৮-২০১৯)/ ২৯ (৭)

তারিখঃ ০৪.০৭.২০১৮ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর-১/২/৩, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মচারীর চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হইল।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১/৪/কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণা পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ০৮। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ঢাকা।
- ০৯। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ঢাকা।
- ১০। ব্যবস্থাপক, বিকেবি, স্টাফ কলেজ শাখা, ঢাকা। এতদসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ নাজিম উদ্দিন এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল। তাছাড়া, জনাব মোঃ নাজিম উদ্দিন এর বিরুদ্ধে কাফরুল থানায় দায়েরকৃত মামলাটি (মামলা নম্বর-২৪ তারিখ ১৪.০৩.২০১৪ খ্রিঃ) চলমান রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।
- ১১। নথি/মহানথি / মূল নথি।

  
(মোঃ ওবায়দ উল্যাহ)  
সহকারী মহাব্যবস্থাপক